56

দৈনিক বাংলা

তারিখ 17 MAY 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

নতুন একাডেমিক ক্যালেন্ডার হচ্ছে

# চলতি শিক্ষা বছরে হরতাল ধর্মঘটে ঢাকা ভার্সিটি ৩২ দিন বন্ধ ছিল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৫–৯৬ সালের শিক্ষা-বর্ষের একাডেমিক কালেন্ডার প্রণয়নের কাজ এ মাস থেকেই শুরু হচ্ছে। ১৯৯৫–

(৪–এর পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## চলতি শিক্ষা বছরে

(প্রথম পৃষ্ঠার পর)

৯৬ সালের একাডেমিক ক্যালেন্ডারে প্রথমবারের মত বিভিন্ন ছাত্র ও রাজনৈতিক সংগঠনের সঙ্গে আলোচনা সাপেক্ষে ছুটির দিনে পরীক্ষা [illegible]র তারিখ সন্নিবেশিত করা হতে পারে।

চলতি একাডেমিক ক্যালেন্ডারের সুফল প্রথম দিকে লক্ষ্য করা গেলেও শিক্ষা বছরের মাঝামাঝি সময়ে ছাত্র ও রাজনৈতিক সংগঠনের হরতাল–অবরোধ ও ধর্মঘটের ফলে একাডেমিক ক্যালেন্ডার অনুসরণ ব্যাহত হয়। এবং কমে আসা সেশনজট আবার বাড়তে শুরু করে। চলতি শিক্ষা বছরে হরতাল ধর্মঘটে ৩২ দিন বিশ্ববিদ্যালয় অলিখিতভাবে বন্ধ ছিল। হরতাল ও ধর্মঘট হলেও যাতে পরীক্ষা চলতে পারে সেইজন্য ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দ প্রতিশ্রুতি দিয়েছেন। এতে নতুন ক্যালেন্ডারে যে পরীক্ষার সময়সূচী দেয়া হবে সেই অনুসারে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আগামী জুলাই মাসের আগেই এই ক্যালেন্ডার প্রণয়নের কাজ শেষ হবে। অন্যান্য সব বিষয়ের সঙ্গে এবার ক্যালেন্ডারে বিশ্ববিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার তারিখও সন্নিবেশিত থাকবে বলে জানা গেছে।